

সংক্ষিপ্ত জীবনী

ডাঃ পীযুষ কান্তি ঘোষ ১৯৬৭ সালের মাগুরা জেলার মাগুরা সদর উপজেলার পয়রী গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি শত্রুজিৎপুর কে পি হাই স্কুল থেকে ১৯৮২ সালে যশোর শিক্ষাবোর্ডে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) এবং ১৯৮৪ সালে নটরডেম কলেজ থেকে ঢাকা শিক্ষাবোর্ডে প্রথম বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইসএসসি) পাস করেন। তিনি ১৯৮৯ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে দ্বিতীয় শ্রেণী পেয়ে ডক্টর অফ ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) ডিগ্রী লাভ করেন। তারপর তিনি একই বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯০ সালে প্রথম শ্রেণীতে এম.এস সি (ভেটেরিনারি সার্জারি) ডিগ্রী লাভ করেন। তিনি খুলনা বিশ্ববিদ্যালয়ে KGF বৃত্তি নিয়ে পিএইচডি করেছেন।



ডাঃ পীযুষ কান্তি ঘোষ ২৪ অক্টোবর ১৯৯৯ সালে বিসিএস (লাইভস্টক) ক্যাডারে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ প্রাণিসম্পদ অধিদপ্তরে ভেটেরিনারি সার্জন হিসেবে শৈলকুপা, ঝিনাইদহ তে যোগদান করেন। তিনি ভেটেরিনারি সার্জন হিসেবে কালিয়া, নড়াইল এ ০৩ ডিসেম্বর ২০০২ সাল থেকে ৩১ ডিসেম্বর ২০০৯ সাল পর্যন্ত কর্মরত ছিলেন। তিনি নড়াইল সদর, নড়াইল এবং মোড়েলগঞ্জ, বাগেরহাটে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা হিসেবে ০৩ জানুয়ারি ২০১০ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত কর্মরত ছিলেন। পরবর্তীতে প্রাণিসম্পদ অধিদপ্তরে (লীভ রিজার্ভ) এ উচ্চশিক্ষার জন্য (পিএইচডি) ০৫ মার্চ ২০১৭ থেকে ০১ মার্চ ২০২০ পর্যন্ত ছিলেন। তিনি ফরিদপুর জেলায় উপপরিচালক (কৃত্রিম প্রজনন) হিসেবে ১০ জুন ২০২০ থেকে ০৩ আগস্ট ২০২২ পর্যন্ত কর্মরত ছিলেন।

বর্তমানে ডাঃ পীযুষ কান্তি ঘোষ পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি তে কর্মরত থেকে বিসিএস লাইভস্টক ক্যাডার কর্মকর্তাদের দক্ষ হিসেবে গড়ে তোলার কাজে নিয়োজিত আছেন।